গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : শাহ্ রেজওয়ান হায়াত, মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৭ জুন ২০২৪ খ্রি:
সময় : বেলা ০৩:০০ ঘটিকা
স্থান : নবনির্মিত ভবনের কনফারেন্স কক্ষে (৩য় তলায়)

<u>আলোচ্য বিষয়:</u>

ক) শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠপর্যায়ে কর্মচারী নির্বাচন।
খ) বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, নৈতিকতা কমিটি ও মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোঃ ইমামুল ইসলাম, উপপরিচালক (সংস্থাপন) উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠপর্যায়ে কর্মচারী নির্বাচন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করতে মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী বাছাই করে বিভাগীয় উপপরিচালকগণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেছেন মর্মে সভায় পরিচালক (প্রশাসন) অবহিত করেন। সভায় চেকলিষ্ট মোতাবেক কর্মচারীদের প্রাপ্ত নম্বর বিবেচনা করে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হলে যৌক্তিক হবে মর্মে সকল সদস্য মতামত প্রদান করেন। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বাছাইকৃত কর্মচারীদের সততা, সুনাম, দাপ্তরিক কাজে আন্তরিকতা ও বিভাগীয় /ফৌজদারী মামলা সংক্রান্ত প্রত্যয়ন (বিভাগীয়, ফৌজদারী/দুর্নীতি দমন) বিষয়গুলো বিবেচনায় নিয়ে বাছাইয়ের তাগিদ প্রদান করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী বাছাইয়ের ক্ষেত্রে গ্রেড-২ থেকে গ্রেড-৯ পর্যন্ত, গ্রেড-১০ থেকে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ থেকে গ্রেড-২০ পর্যন্ত ০৩ জন কর্মচারীর নাম বাছাইয়ের ক্ষেত্রে বর্ণিত নীতিমালা অনুসরণের বিষয়ে আলোচনা করা হয়। প্রস্তাবিত কর্মচারীদের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ছকে নম্বর প্রদান এবং যে সূচকের বিপরীতে নম্বর প্রদান করা হবে সে সংক্রান্ত প্রমানক/প্রত্যায়ন প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিম্নের বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মনোনীত ০৩ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার ২০২৩-২০২৪ প্রদানের নিমিত্ত অফিস আদেশ জারী, এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ও একটি সনদ প্রদান করা হবে। পরিচালক (প্রশাসন) এ বিষয়ে ব্যবস্থা নিবেন।<br>খ) মাঠপর্যায়ের মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণের নামে অফিস আদেশ জারী, মূল বেতনের সমপরিমাণ অর্থ ছাড়করণ ও সনদ প্রদান করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ)। |

| ক্ষেত্র | মনোনীত কর্মচারীর শ্রেণী | নির্বাচিতগণের নাম, পদবি ও কর্মস্থল | গ্রেড ও মূল বেতন |
|---|---|---|---|
| ক্রমিক নং- ৩.২ : অধিদপ্তর পর্যায়ের কর্মচারী | গ্রেড ০২ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মোঃ হাবিবুর রহমান, পিএস টু ডিজি ও শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | ৬ষ্ঠ গ্রেড ৩৫৫০০-৬৭০১০/- বেসিক-৬৩৮১০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কার্যালয়সমূহ হতে | ০১ জন কর্মচারী | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম বিভাগ। | ৩৫৫০০-৬৭০১০ বেসিক-৫৭৮৭০/- | |
| | | | গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: শরিফুল ইসলাম, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষণ, পিটিআই, রাজশাহী। | ১১ তম গ্রেড ১২৫০০-৩২২৪০/- বেসিক-৩০২৩০/- | |
| | | | গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: আবুল বাসার, অফিস সহায়ক, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী। | ১৭ তম গ্রেড ৯০০০-২১৮০০ বেসিক-১৯৭৭০/- | |
| | | ক্রমিক নং-৩.৪ : উপজেলা কার্যালয় সমূহ হতে | গ্রেড ০২ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: সাইফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বাগমারা, রাজশাহী। | ৬ষ্ঠ গ্রেড ৩৫৫০০-৬৭০১০ বেসিক-৫২৪৮০/- | |
| | | | গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব এডিন চাকমা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি। | ১০ম গ্রেড ১৬০০০-৩৮৬৪০/- বেসিক ২৬১২০/- | |
| | | | গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব ছালেহ হক, অফিস সহায়ক, উপজেলা শিক্ষা অফিসের কার্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ। | ১৭ তম গ্রেড ৯০০০-২১৮০০/- বেসিক-১৮৮২০/- | |
| ২ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর খসড়া পর্যালোচনা। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রকাশিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ মোতাবেক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর একটি খসড়া সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত খসড়া সভায় পর্যালোচনা করে চুড়ান্তকরণে সকল সদস্যের মতামত গ্রহণ করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, আগামী অর্থবছরের (২০২৪-২০২৫) এর কর্মপরিকল্পনা সফটওয়ারে দাখিলের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে তা আপলোড করা হবে। ৪র্থ ত্রৈমাসিকের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন। সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সকল পরিচালকগণকে অনুরোধ জানান। | | | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর খসড়া অনুমোদন করা হয়। খসড়া কর্মপরিকল্পনাটি সফটওয়ারে নির্ধারিত তারিখের মধ্যে আপলোড এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>বাস্তাবায়ন: উপপরিচালক (সংস্থাপন) |

| | | | |
|---|---|---|---|
| | গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব এ বি এম সরওয়ার উদ্দিন, স্টোর কিপার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | ১৩তম গ্রেড ১১০০০-২৬৫৯০/- বেসিক-২৫৩২০/- |
| | গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মোঃ সোহাগ মিয়া, অফিস সহায়ক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | ১৯ তম গ্রেড ৮৫০০-২০৫৭০/- বেসিক-১৬১০০/- |

খ) এছাড়া মাঠপর্যায়ের বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ এর আলোকে বাছাই করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে মাঠপর্যায়ের মনোনীত কর্মকর্তা/ কর্মচারীর তালিকা নিম্নরুপ:

| ক্ষেত্র | মনোনীত কর্মচারীর শ্রেণী | নির্বাচিতগণের নাম, পদবি ও কর্মস্থল | গ্রেড ও মূল বেতন |
|---|---|---|---|
| ক্রমিক নং-৩.৩: বিভাগীয় উপপরিচালকের কার্যালয় হতে। | বিভাগীয় পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে হতে ০১ জন কর্মচারী | জনাব মীর্জা মো: হাসান খসরু, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। | ৫ম গ্রেড ৪৩০০০-৬৯৮৫০ বেসিক-৬৯৮৫০/- |
| ক্রমিক নং-৩.৩ বিভাগীয় উপপরিচালকের কার্যালয় হতে | গ্রেড ০২ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, ঢাকা। | ৬ষ্ঠ গ্রেড ৩৫৫০০-৬৭০১০ বেসিক-৫৭৮৭০/- |
| | গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব গোবিন্দ মণ্ডল, কম্পিউটার অপারেটর, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা। | ১৩ তম গ্রেড ১১০০০-২৬৫৯০ বেসিক-১৪০৫০/- |
| | গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: মেরাজ উদ্দিন, অফিস সহায়ক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী। | ২০ তম গ্রেড ৮২৫০-২০০১০/- বেসিক-১৯৭৭০/- |
| ক্রমিক নং-৩.৪ : জেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে | জেলা পর্যায়ের প্রধানদের মধ্যে থেকে ০১ জন | জনাব মো: আবদুল মান্নান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান, চট্টগ্রাম বিভাগ। | ৬ষ্ঠ গ্রেড ৩৫৫০০-৬৭০১০ বেসিক-৫৭৮৭০/- |
| ক্রমিক নং ৩.৪ : জেলা | গ্রেড ০৩ হতে গ্রেড ০৯ ভুক্ত | জনাব রিটন কুমার বড়ুয়া, সহকারী | ৬ষ্ঠ গ্রেড |

৩। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৫/২০২৪


শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪
ই-মেইল: dgprimarybd@gmail.com


স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৬.২২- ২৫০

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ / ২৭ মে, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী /খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২৭.৫.২০২৪


মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)